

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.৯৯.০০৭.১৮-৪০৩

তারিখঃ ২০ শ্রাবণ ১৪২৬  
০৪ আগস্ট ২০১৯

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৫৮৭৩/১৭ মামলায় ২৭.১১.১৭ খ্রি. তারিখের আদেশের আলোকে রংপুর জেলার মিঠপুকুর উপজেলাধীন শঠিবাড়ী ইসলামিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসার প্রভাষক (পদার্থ) জনাব মো: ফরিদুল হক, সহকারী শিক্ষক (বাংলা) জনাব হাবিবা বেগম এবং সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মো: রাজা মিয়া এর নাম এমপিওভুক্তকরণ।

সূত্রঃ শঠিবাড়ী ইসলামিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসা এর স্মারক নং-শআমা-০৬/১৯ তারিখ: ১৫.০৭.১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১৫৮৭৩/১৭ মামলায় ২৭.১১.১৭ খ্রি. তারিখের আদেশের আলোকে রংপুর জেলার মিঠপুকুর উপজেলাধীন শঠিবাড়ী ইসলামিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসার প্রভাষক (পদার্থ) জনাব মো: ফরিদুল হক, সহকারী শিক্ষক (বাংলা) জনাব হাবিবা বেগম এবং সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মো: রাজা মিয়া এর নাম এমপিওভুক্তকরণ।

০২। রংপুর জেলার মিঠপুকুর উপজেলাধীন শঠিবাড়ী ইসলামিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসার প্রভাষক (পদার্থ) জনাব মো: ফরিদুল হক, সহকারী শিক্ষক (বাংলা) জনাব হাবিবা বেগম এবং সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মো: রাজা মিয়া-কে নিয়োগপত্র প্রদান করা হয়।

০৩। উক্ত নিয়োগপত্রের প্রেক্ষিতে বর্ণিত ০৩ (তিন) জন শিক্ষক কর্তৃক গত ২৯.১২.২০১৬ খ্রি. তারিখে যোগদান করে বিধি মোতাবেক এমপিওভুক্তির লক্ষে অনলাইনে আবেদন করা হয়। আবেদনের পরেও ০৩ (তিন) জন শিক্ষকের এমপিও না হওয়ায় এমপিওভুক্তির জন্য বর্ণিত শিক্ষকগণ কর্তৃক গত ১৭.০৯.১৭ খ্রি. তারিখে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করা হয়।

০৪। উক্ত আবেদনটি নিষ্পত্তি না হওয়ায় বর্ণিত শিক্ষকগণ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫৮৭৩/১৭ দায়ের করা হয়। উক্ত রিট মামলায় ১নং রেসপনডেন্ট সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ২নং রেসপনডেন্ট চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ড, ৩নং রেসপনডেন্ট মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এবং আরো অন্যান্যসহ মোট ১০ (দশ) জনকে রেসপনডেন্ট করা হয়।

০৫। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ২৭.১১.১৭ খ্রি. তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়:

We have heard the learned counsel for the applicant and perused the application. We are not inclined to issue any Rule in this matter instead. We direct the respondent No.3 Director General, Bangladesh Madrasah Education Odhidaptar, Dhaka to dispose of the application dated 17.09.17 (Annexure-C series to the Writ Petition) within 1 (one) month on receipt of this order.


The application is thus disposed of with the direction as made above.

০৬। উক্ত রিট মামলার রায়/আদেশের আলোকে এমপিওভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বর্ণিত প্রতিষ্ঠানের শিক্ষকগণ কর্তৃক TMED এর সচিব মহোদয় বরাবর সূত্রমূলে আবেদন করা হয়।

০৭। যেহেতু উক্ত রিট মামলার ২৭.১১.১৭ খ্রি. তারিখের আদেশে পিটিশনারগণ কর্তৃক ১৭.০৯.১৭ খ্রি. তারিখের আবেদনপত্রটি (যা মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল হয়েছিল) যথাসময়ে নিষ্পত্তি না করায় রিট মামলার উদ্ভব হয়েছে সেহেতু বর্ণিত রিট মামলার নির্দেশনা মোতাবেক পিটিশনারগণের ১৭.০৯.১৭ খ্রি. তারিখের আবেদনটি DG, DME কর্তৃক বিধিগতভাবে নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৮। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৫৮৭৩/২০১৭ মামলায় গত ২৭.১১.১৭ খ্রি. তারিখের নির্দেশনা মতে পিটিশনারগণের ১৭.০৯.১৭ খ্রি. তারিখের আবেদনটি বিধি অনুযায়ী নিষ্পত্তি করে পিটিশনারগণকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকলে) অবহিতক্রমে আগামী ০৮.০৮.১৯ খ্রি. তারিখের মধ্যে TMED কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।


সংযুক্তি: ক. রিট পিটিশন নং-১৫৮৭৩/১৭ মামলার রায়ের কপি- ০২ পাতা  
খ. পিটিশনারগণের ১৭.০৯.১৭ খ্রি. তারিখের আবেদনের কপি- ০১ পাতা।  
গ. সূত্রোক্ত আবেদনপত্রের কপি-০১ পাতা।

  
(মো: আ: খালেক মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,  
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ৫। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬-৮। জনাব মো: ফরিদুল হক, প্রভাষক (পদার্থ), জনাব হাবিবা বেগম, সহকারী শিক্ষক (বাংলা) ও জনাব মো: রাজা মিয়া, সহকারী শিক্ষক (সমাজবিজ্ঞান), শঠিবাড়ী ইসলামিয়া সিনিয়র (আলিম) মাদ্রাসা, ডাক-শঠিবাড়ী, উপজেলা- মিঠাপুকুর, জেলা-রংপুর।
- ৯। মাস্টার কপি/অফিস কপি।



(মো: আ: খালেক মিয়া)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৪১০৫০১৫৭